গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৩৩/২০১৭-১৮

ঢাকা, মঙ্গলবার ৯ জানুয়ারি ২০১৮, ২৬ পৌষ ১৪২৪

১। হয়রানিমুক্ত সেবা প্রদান করুন : পুলিশসদস্যদের প্রতি রাষ্ট্রপতি

২। পুলিশকে জনবান্ধব হিসেবে গড়ে তুলতে হবে : প্রধানমন্ত্রী

৩। দেশজুড়ে উন্নয়নমেলা করবে সরকার : ১১ জানুয়ারি উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৪। ওষুধের দাম সহনীয় পর্যায়ে রাখতে কোম্পানি মালিকদের প্রতি স্বাস্থ্যমন্ত্রীর আহ্বান

৫। পাচার ঠেকাতে বৈধভাবে রফতানি হতে পারে ইলিশ মাছ : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী

৬। নিরাপত্তার স্বার্থেই খালেদা জিয়ার মামলা স্থানান্তর : আইনমন্ত্রী

৭। এসএসসি পরীক্ষার তিন দিন আগে সব কোচিং সেন্টার বন্ধ

৮। ছাত্রলীগকে সম্মেলনের প্রস্তুতি নেওয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর

৯। বিটিভি'র মানোন্নয়নে একযোগে কাজ করুন : ঊর্ধ্বতন কর্মকর্তাদের প্রতি তথ্য প্রতিমন্ত্রী

চলমানপাতা/২

১। হয়রানিমুক্ত সেবা প্রদান করুন : পুলিশসদস্যদের প্রতি রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ হয়রানিমুক্ত সেবা প্রদান করতে পুলিশের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, সেবাপ্রার্থীদের হয়রানিমুক্ত সেবা প্রদানে পুলিশকে সর্বোচ্চ আন্তরিকতার সাথে কাজ করতে হবে। কারণ হয়রানিমুক্ত সেবা পাওয়া জনগণের সাংবিধানিক অধিকার। এ কথা বিবেচনায় রেখে জনগণের জন্য হয়রানিমুক্ত সেবা নিশ্চিত করতে হবে। গতকাল (৮ জানুয়ারি সোমবার) পুলিশ সপ্তাহ-২০১৮ উপলক্ষে রাজারবাগ পুলিশ লাইনে বাংলাদেশ পুলিশ অডিটোরিয়ামে আয়োজিত এক নৈশভোজসভায় বক্তৃতাকালে রাষ্ট্রপতি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

২। পুলিশকে জনবান্ধব হিসেবে গড়ে তুলতে হবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পুলিশসদস্যদের নিজেদের জনবান্ধব হিসেবে গড়ে তুলে আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী গতকাল (৮ জানুয়ারি সোমবার) ঢাকা মেট্রোপলিটন পুলিশ লাইন্স রাজারবাগে পুলিশ সপ্তাহ ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ দেশের শান্তি, স্থিতিশীলতা এবং উন্নয়নের জন্য বড় হুমকি। একজন সন্ত্রাসীর কোনো ধর্ম, বর্ণ বা গোত্র নেই। ধর্মের নামে যেকোনো সহিংস কর্মকাণ্ডের নিন্দা জানিয়ে তিনি জঙ্গিবাদের বিরুদ্ধে তাঁর সরকারের জিরো টলারেন্স নীতির পুনরোল্লেখ করেন।

প্রধানমন্ত্রী বলেন, আপনাদের মনে রাখতে হবে, সফলতার জন্য আপনারা যেমন পুরস্কৃত হবেন, তেমনি প্রতিটি কাজের জন্য জবাবদিহিতাও নিশ্চিত করতে হবে। তিনি আশাপ্রকাশ করে বলেন, ইতোমধ্যে পুলিশ হেডকোয়ার্টার্সে 'আইজিপি কমপ্লেইন সেল' স্থাপন করা হয়েছে যা পুলিশসদস্যদের পেশাগত জবাবদিহিতা নিশ্চিত করতে কার্যকর ভূমিকা রাখবে।

প্রধানমন্ত্রী পুলিশ সপ্তাহ ২০১৮ উপলক্ষে মনোজ্ঞ কুচকাওয়াজের সালাম গ্রহণ করেন এবং একটি খোলা জিপে করে প্যারেড পরিদর্শন করেন। প্রধানমন্ত্রী পুলিশসদস্যদের মধ্যে ১৮২ জনকে ৪টি ক্যাটাগরিতে বাংলাদেশ পুলিশ পদক সাহসিকতা, রাষ্ট্রপতি পুলিশ পদক সাহসিকতা, বাংলাদেশ পুলিশ পদক সেবা ও রাষ্ট্রপতি পুলিশ পদক সেবা প্রদান করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

৩। দেশজুড়ে উন্নয়নমেলা করবে সরকার : ১১ জানুয়ারি উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

উন্নয়ন কর্মকাণ্ড জনগণের কাছে তুলে ধরতে সারাদেশে দ্বিতীয়বারের মতো 'উন্নয়নমেলা' আয়োজন করতে যাচ্ছে সরকার। বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবসকে সামনে রেখে তিন দিনব্যাপী দেশের সব জেলা-উপজেলায় এ মেলা করা হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ১১ জানুয়ারি সকাল ১০টায় গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সব জেলা-উপজেলায় উন্নয়নমেলা-২০১৮ এর উদ্বোধন করবেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.২)।

৪। ওষুধের দাম সহনীয় পর্যায়ে রাখতে কোম্পানি মালিকদের প্রতি স্বাস্থ্যমন্ত্রীর আহ্বান

ওষুধের দাম সহনীয় পর্যায়ে রাখতে কোম্পানি মালিকদের প্রতি আহ্বান জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল (৮ জানুয়ারি সোমবার) রাজধানীর মহাখালীতে ঔষধ প্রশাসন অধিদপ্তর মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্যমন্ত্রী আরও বলেন, দরিদ্র মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে সরকার কাজ করে যাচ্ছে। এ ক্ষেত্রে সবাইকে এগিয়ে আসতে হবে। দরিদ্র মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে ওষুধের মূল্য নির্ধারণ করতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফার্মাসিউটিক্যাল প্রোডাক্টকে 'প্রোডাক্ট অভ্ দ্য ইয়ার-২০১৮' ঘোষণা করায় ঔষধ প্রশাসন অধিদপ্তর এ অনুষ্ঠানের আয়োজন করে। ভেজাল ও নকল ওষুধের বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে জানিয়ে স্বাস্থ্যমন্ত্রী বলেন, জীবন

রক্ষাকারী ওষুধের গুণগত মান নিয়ে কোনো আপস করা হবে না। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

৫। পাচার ঠেকাতে বৈধভাবে রফতানি হতে পারে ইলিশ মাছ : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ জানিয়েছেন, পাচার ঠেকাতে বৈধভাবে ইলিশ মাছ রফতানির সুযোগ দেবে সরকার। গতকাল (৮ জানুয়ারি সোমবার) সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, রফতানি বন্ধ থাকায় অবৈধ উপায়ে দেশের বাইরে ইলিশ মাছ পাচার হচ্ছে। এতে সরকার রাজস্ব আয় হারাচ্ছে। এমন প্রেক্ষাপটে অল্প পরিমাণে হলেও ইলিশ রফতানির অনুমতি দিলে পাচারের পথ বন্ধ হবে। মা ইলিশ সংরক্ষণে সরকারের কার্যক্রম আগামীতেও অব্যাহত থাকবে বলে জানান মন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

৬। নিরাপত্তার স্বার্থেই খালেদা জিয়ার মামলা স্থানান্তর : আইনমন্ত্রী

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, নিরাপত্তার স্বার্থেই খালেদা জিয়ার মামলাগুলো বকশিবাজারের কারা অধিদফতর মাঠের অস্থায়ী এজলাসে পাঠানো হয়েছে। তিনি বলেন, খালেদা জিয়া আদালতে হাজিরা দেওয়ার সময় তিন-চার'শ লোক নিয়ে যান। এতে সরকারি আইনশৃঙ্খলা বাহিনীর দায়িত্ব পালনে বিঘ্ন সৃষ্টি হয়। এসব বিষয় বিবেচনা করে নিরাপত্তার স্বার্থে ঐ আদালতে খালেদা জিয়ার মামলাগুলো স্থানান্তর করা হয়েছে। গতকাল (৮ জানুয়ারি সোমবার) সচিবালয়ে নিজ দপ্তরে লন্ডনের টাওয়ার হ্যামলেটের স্পিকার সাবিনা আক্তারের সঙ্গে বৈঠকশেষে আইনমন্ত্রী সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮)।

৭। এসএসসি পরীক্ষার তিন দিন আগে সব কোচিং সেন্টার বন্ধ

আসন্ন এসএসসি ও সমমান পরীক্ষা শুরুর তিনদিন আগ থেকে সব পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত দেশের সব ধরনের কোচিং সেন্টার বন্ধ থাকবে। এ সময়ের মধ্যে কোনো কোচিং সেন্টার খোলা রাখা যাবে না। গতকাল (৮ জানুয়ারি সোমবার) শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। আসন্ন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষা সুষ্ঠু, নকলমুক্ত ও ইতিবাচক পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে জাতীয় মনিটরিং কমিটি এ সিদ্ধান্ত নিয়েছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সভায় সভাপতিত্ব করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **সমকাল** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)।

৮। ছাত্রলীগকে সম্মেলনের প্রস্তুতি নেওয়ার নির্দেশ প্রধানমন্ত্রীর

আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ ছাত্রলীগকে সম্মেলন অনুষ্ঠানের প্রস্তুতি নেওয়ার নির্দেশ দিয়েছেন। আগামী মার্চের মধ্যে সম্মেলন আয়োজনের জন্য তিনি তাদের নির্দেশনা দেন। গতকাল (৮ জানুয়ারি সোমবার) গণভবনে গিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন ছাত্রলীগের সভাপতি সাইফুর রহমান সোহাগ ও সাধারণ সম্পাদক এসএম জাকির হোসাইন। এ সময় প্রধানমন্ত্রী উল্লিখিত নির্দেশনা দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

৯। বিটিভি'র মানোন্নয়নে একযোগে কাজ করুন : উর্ধ্বতন কর্মকর্তাদের প্রতি তথ্য প্রতিমন্ত্রী

তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম বলেছেন, বাংলাদেশ টেলিভিশনের মানোন্নয়নে বিটিভি'র সকল কর্মচারী, শিল্পী, কলাকুশলীসহ সবাইকে একযোগে কাজ করতে হবে এবং তথ্য মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা দিতে সবসময় প্রস্তুত। গতকাল (৮ জানুয়ারি সোমবার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ে তাঁর দপ্তরে বাংলাদেশ টেলিভিশনের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে বৈঠকে তিনি একথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (পৃ.১৭,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** মানুষসৃষ্ট নানা প্রকার দূষণ ও প্রতিবন্ধকতায় দেশের কার্প জাতীয় মাছের একমাত্র প্রাকৃতিক প্রজনন ক্ষেত্র হালদা নদী বিপন্ন হওয়ার দ্বারপ্রান্তে উল্লেখ করে নদীটির স্বাভাবিক প্রবাহ ফিরিয়ে এনে যেকোনো মূল্যে নদীটিকে বাঁচাতে জরুরি পদক্ষেপ কামনা।

খ. **প্রথম আলো** : নিরাপত্তার কারণে বাংলাদেশ মেরিন একাডেমি থেকে পাস করা **১৬** জন নারী ক্যাডেটের সমুদ্রগামী জাহাজে চাকরি না পাওয়ার বিষয়টি হতাশাজনক বলে উল্লেখ করে এ সমস্যা সমাধানে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

গ. **সমকাল :** রাজধানীর বায়ু দূষণ, শব্দ দূষণ ও পানি দূষণ রোধে জনসচেতনতার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ, জনকণ্ঠ, অবজারভার** : অর্ধশত বছরের ইতিহাসে দেশে সর্বনিম্ন তাপমাত্রা হওয়ার কথা উল্লেখ করে শীতার্তদের সাহায্য করার আহ্বান।

ঙ. **ইন্ডিপেনডেন্ট** : ইন্টারনেট ও মোবাইল ফোনে বিভিন্ন গেমসের প্রতি ছেলেমেয়েদের অতিরিক্ত আসক্তিতে উদ্বেগ প্রকাশ করে পিতামাতা, অভিভাবক ও বড়দের এ ব্যাপারে জরুরিভিত্তিতে সচেতন হওয়ার সুপারিশ।

চ. **ডেইলি সান** : দেশে বিভিন্ন প্রকারের উদ্যোক্তা গড়ে তুলতে দেশব্যাপী বিনিয়োগ ফোরাম ও ব্যবসা অনুকূল পরিবেশ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি স্টার** : বিভিন্ন পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস প্রতিরোধে শিক্ষা মন্ত্রণালয়ের গৃহীত উদ্যোগ যথাযথভাবে বাস্তবায়নের প্রত্যাশা।

জ. **নিউ এজ, নিউ নেশন** : পরিবেশ দূষণকারীদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ গ্রহণের পাশাপাশি বায়ু দূষণের মাত্রা মনিটরিং, জলাশয়গুলো অবৈধ দখলমুক্ত করা ও ড্রেনেজ নেটওয়ার্ক যথাযথভাবে ব্যবস্থাপনা করার আহ্বান।

ঝ. **নিউ নেশন** : তিতাস গ্যাস কোম্পানির নেওয়া ২০১৮ সালের মধ্যে প্রি-প্রেইড গ্যাস মিটার প্রজেক্ট যথাযথভাবে বাস্তবায়নে অবৈধ লাইন বাতিলসহ লাইনের সব ধরনের ত্রুটি দূর করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

ভোরের কাগজ পত্রিকায় প্রকাশিত কলামে শতাব্দীর মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালির বিবেক কিভাবে জাগ্রত করেছেন, বাঙালিকে আত্মপরিচয়ে সম্মানিত করেছেন সে প্রেক্ষাপট জানতে হলে ইতিহাসের চর্চা করতে হবে বলে মতপ্রকাশ।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত **'বই উৎসব ও সার্বজনীন শিক্ষা'** শিরোনামের নিবন্ধে দেশের প্রাথমিক শিক্ষাকে সার্বজনীন করতে হলে শিক্ষার উপকরণ এবং পদ্ধতি সর্বক্ষেত্রে এক ও অভিন্ন হওয়া প্রয়োজন বলে অভিমত প্রকাশ।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা